

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-২ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ২৭৮

তারিখ: ০২ মাঘ, ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

বিষয়: ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা কেন্দ্র থেকে উত্তরপত্র ও ওএমআর ফরমসহ গোপনীয় কাগজপত্র শিক্ষাবোর্ডসমূহে প্রেরণের লক্ষ্যে রেলওয়ে পার্সেল বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে) খোলা রাখার ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ বৃহস্পতিবার থেকে সারাদেশে একযোগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা শুরু হবে। পরীক্ষা শেষে কেন্দ্রসমূহকে প্রতিদিনের উত্তরপত্র ও ওএমআর ফরমসহ গোপনীয় কাগজপত্র ঐ দিনই সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

০২। এমতাবস্থায়, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা-২০২৪ এর সময়সূচি অনুযায়ী উত্তরপত্র ও ওএমআর ফরমসহ গোপনীয় কাগজপত্র শিক্ষাবোর্ডসমূহে প্রেরণ করার নিমিত্ত রেলওয়ে পার্সেলে না পৌঁছানো পর্যন্ত সংশ্লিষ্ট রেলওয়ে পার্সেল বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে) খোলা রাখার এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতি সুনিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পরীক্ষার সময়সূচি ..... পৃষ্ঠা।



সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী  
উপসচিব

ফোন: ০২২২৩৩৫৬৭৮০

ইমেইল: govt.sec2@moedu.gov.bd

সচিব

রেলপথ মন্ত্রণালয়


রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ২৭৮

তারিখ: ২২ মাঘ, ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা-১০০০
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
০৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/ রাজশাহী/ যশোর/সিলেট /বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ
০৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
০৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়



সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী  
উপসচিব